

প্রধান বন সংরক্ষক, কক্সবাজার
ডায়েরী নং: ১৫১৯
তারিখ: ১৬/৪/০৭
স্বাক্ষর: [স্বাক্ষর]

তারিখ: 17 APR 2007

তারিখ: 16 APR 2007

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ ও বন মন্ত্রণালয়

বন শাখা-২

প্রধান বন সংরক্ষকের স্বাক্ষর:

প্রধান সহকারীর স্বাক্ষর:

সংশ্লিষ্ট শাখা:

তারিখ: ১১/০৪/২০০৭ইং

নং-পবম/শা-৫/বন্যপ্রাণী-২/০৬/৪৮

প্রজ্ঞাপন

কক্সবাজার জেলার চকরিয়া উপজেলাধীন ডুলাহাজরা ব্লকে ৭১০.০ একর, রিংভং ব্লকে ১৫১৪.০ একর, ফাঁসিয়াখালী ব্লকে ৯৯৩.০ একর সর্বমোট ৩: ১৭.০ একর বনভূমি গেজেট নোটিফিকেশন নং-৬৭৮৫ ফর তারিখ ২৯ই জুলাই, ১৯৩৭ মূলে সংরক্ষিত বনভূমি হিসেবে ঘোষণা করা হয়। বাংলাদেশ বন্যপ্রাণী (সংরক্ষণ) (সংশোধন) আইন/১৯৭৪ এর অনুচ্ছেদ ২৩(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এ মর্মে ঘোষণা করছেন যে, বৃক্ষ সম্পদ, বন্যপ্রাণী সংরক্ষণ ও উন্নয়নের স্বার্থে উল্লিখিত বনভূমি (যা নিম্ন তফসিলে বর্ণিত) এ বিজ্ঞপ্তি বাংলাদেশ সরকারের গেজেটে প্রকাশের তারিখ হতে ফাঁসিয়াখালী বন্যপ্রাণী অভয়ারণ্য হিসেবে বর্ণিত হবে :

তফসিল

জেলা	উপজেলা	মৌজা/ব্লক	বনভূমির পরিমাণ (একর)	বনের শ্রেণী	মন্তব্য
কক্সবাজার	চকরিয়া	ফাঁসিয়াখালী ব্লক	৯৯৩.০	সংরক্ষিত বনভূমি	গেজেট নোটিফিকেশন নং-৬৭৮৫ ফর তারিখ ২৯ জুলাই, ১৯৩৭
কক্সবাজার	চকরিয়া	রিংভং ব্লক	১৫১৪.০	সংরক্ষিত বনভূমি	গেজেট নোটিফিকেশন নং-৬৭৮৫ ফর তারিখ ২৯ জুলাই, ১৯৩৭
কক্সবাজার	চকরিয়া	ডুলাহাজরা	৭১০.০	সংরক্ষিত বনভূমি	গেজেট নোটিফিকেশন নং-৬৭৮৫ ফর তারিখ ২৯ জুলাই, ১৯৩৭
সর্বমোট =			৩২১৭.০		বনভূমিটি তফসিলে বর্ণিত ২১°৪৫' উত্তর হতে ২১°৪০' উত্তর অক্ষাংশের ভিতর এবং ৯২°৪' পূর্ব দ্রাঘিমাংশ হতে ৯২°৮' পূর্ব দ্রাঘিমাংশের ভিতর অবস্থিত

“চৌহদ্দীর বিবরণ”

- উত্তর : মাতামুহুরী নদী ও ব্যক্তি মালিকানাধীন ভূমি, জেলা-কক্সবাজার, থানা-চকরিয়া, মৌজা ফাঁসিয়াখালী, সিট নং-১ জে এল নং-৩৪, আর এস দাগ নং-৮৫৮, ৮৫৯, ১২৪১, ১২০১, ১২০৮, ১২০৯, ৮৩৮, ৮২৫, ৮২১, ৮৪৬, ১১৬৫, ১১৭৫, ১১৭৪, ১২২৬ ও ১২৬৯।
- দক্ষিণ : জনসাধারণের ব্যক্তি মালিকানাধীন ভূমি, জেলা-কক্সবাজার, থানা-চকরিয়া, মৌজা-বগা চত্বর সিট নং-৩, আর এস দাগ নং -৩৭৮, ৩৭৫, ৩৮০, ৩৮১ ও ৩৮২। ডুলাহাজরা ও সাফারী পার্কের সংরক্ষিত বন (ডুলাহাজরা সাফারী পার্কের সীমানা)।
- পূর্ব : পার্বত্য বান্দরবান জেলার অশ্রেণীভুক্ত বনাঞ্চল, বগাচত্বর ও ফুটেরঝির নামক উদবাস্তু বসতি।
- পশ্চিম : আরকান রোড।

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ সরকারী মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা

(পরবর্তী গেজেটে প্রকাশ করতঃ ৫০ (পঞ্চাশ) কপি

এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[স্বাক্ষর]

(এম সিরাজ উদ্দিন মিয়া)

যুগ্ম-সচিব (প্রঃ)।

নং-পবম/শা-৫/বন্যপ্রাণী-২/০৬/৪৮/১(৭)

তারিখ : ১১/০৪/২০০৭ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- ১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৪। বন সংরক্ষক, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
- ৫। জেলা প্রশাসক, কক্সবাজার।
- ৬। বিভাগীয় বন কর্মকর্তা, কক্সবাজার উত্তর বন বিভাগ, কক্সবাজার।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়।

[স্বাক্ষর]

(সাবরিনা শারমিন জামান)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৭১৭০৫৫৭।